গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রাজৈর, মাদারীপুর
Website: http://rajoir.madaripur.gov.bd

**স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ৪৬ তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০২১ পালন উপলক্ষে প্রণীত কর্মসূচী বাস্তবায়নের জন্য প্রস্তুতিমূলক সভার কার্যবিবরনী ঃ**

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আনিসুজ্জামান, উপজেলা নির্বাহী অফিসার, রাজৈর, মাদারীপুর। |
| স্থান | উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবন। |
| সভার তারিখ | ১১-০৮-২০২১ খ্রিঃ,রোজ বুধবার সময় বেলা ১১.০০ ঘটিকা। |
| উপস্থিত সদস্যবৃন্দ | নথিতে সংরক্ষিত। |

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও ১৫ আগষ্টে সকল শহীদদের রুহের মাগফিরাত কামনা করে এবং সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর মন্ত্রিপরিষদ বিভাগের ০৫ জুলাই ২০২১ খ্রিঃ তারিখের ০৪.০০.০০০০.৪১৬.২৩.০০১.২১.৩৮০ নং পত্র এবং জেলা প্রশাসক মাদারীপুর মহোদয়ের কার্যালয়ের গত ০৪-০৮-২০২১ খ্রিঃ তারিখের স্মারক নং ০৫.৪১.৫৪০০.১০৭.০৩.০০৪.২১-২৮১(১০০) এর সিদ্ধান্তসমূহ পাঠ করে শুনানো হয়। উক্ত স্মারকে ১৫ আগস্ট ২০২১ খ্রিঃ তারিখ রোজ রবিবার জাতীয় শোক দিবস পালনের নিমিত্ত গৃহীত কর্মসূচীর আলোকে অত্র উপজেলার জন্য প্রযোজ্য কর্মসূচীর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং রাজৈর উপজেলায় নিম্নরূপ কর্মসূচী পালনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

| তারিখ ও সময় | কর্মসূচী | স্থান | বাস্তবায়নে/ব্যবস্থাপনায় |
|---|---|---|---|
| ১৫-০৮-২০২১ রোজ রবিবার সূর্যোদয়ের সাথে সাথে | সকল সরকারী, আধা সরকারী, বেসরকারী অফিস, শিক্ষা প্রতিষ্ঠান ও ভবনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে। | স্ব-স্ব প্রতিষ্ঠান | স্ব-স্ব প্রতিষ্ঠান ও সংস্থার প্রধান |
| ১৫-০৮-২০২১ সকাল ০৮.৩০ মিঃ | বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ ও মোনাজাত। | উপজেলা পরিষদ চত্বরে নির্মিত জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে। | উপজেলা প্রকৌশলী, রাজৈর |
| ১৫-০৮-২০২১ সকাল ১০.৩০ মিঃ | আলোচনা সভা ও পুরস্কার বিতরণ। | উপজেলা পরিষদ কমপ্লেক্স সভা কক্ষ | ভার্চুয়ালি, উপজেলা যুবউন্নয়ন অফিসার ও সহকারি প্রোগ্রামার রাজৈর। |
| ১৫-০৮-২০২১ সকাল ১২.০০ টা | যুবঋণ বিতরণ | উপজেলা পরিষদ কমপ্লেক্স সভা কক্ষ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, রাজৈর। |
| ১৫-০৮-২০২১ বাদ জোহর | সকল মসজিদে দোয়া ও বিশেষ মোনাজাত | রাজৈর উপজেলার সকল মসজিদ | মেয়র, রাজৈর পৌরসভা, চেয়ারম্যানবৃন্দ ইউনিয়ন পরিষদ (সকল), মসজিদ কমিটি এবং মসজিদের ইমামগণ। |
| ১৫-০৮-২০২১ সুবিধামত সময়ে | সকল মন্দির/গীর্জা/প্যাগোডায় বিশেষ প্রার্থনা | রাজৈর উপজেলার সকল মন্দির/গীর্জা/প্যাগোডা | মেয়র, রাজৈর পৌরসভা, মন্দির , গীর্জা ও প্যাগোডার প্রধানগণ। |
| ১৫-০৮-২০২১ সন্ধ্যা ৭.০০ টা | শোক দিবসের প্রামান্য চিত্র প্রদর্শন | রাজৈর উপজেলার গুরুত্বপূর্ণ স্থানসমূহ। | সহকারি প্রোগ্রামার রাজৈর। |

চলমান পাতা-২-

(ক) বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ উপ-কমিটিঃ

| | | |
|---|---|---|
| ১. | উপজেলা প্রকৌশলী, রাজৈর, মাদারীপুর। | আহবায়ক |
| ২. | উপজেলা সমবায় অফিসার, রাজৈর, মাদারীপুর। | সদস্য |
| ৩. | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, রাজৈর। | সদস্য |
| ৪. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর। | সদস্য-সচিব |

(খ) মাঠ প্রস্তুত/সজ্জা উপ-কমিটিঃ

| | | |
|---|---|---|
| ১. | উপজেলা সমাজ সেবা অফিসার, রাজৈর, মাদারীপুর। | আহবায়ক |
| ২ | উপজেলা একাডেমিক সুপারভাইজার, রাজৈর, মাদারীপুর। | সদস্য |
| ৩. | উপজেলা মৎস্য অফিসার, রাজৈর, মাদারীপুর। | সদস্য-সচিব |

(গ) আলোচনা সভা উপ-কমিটিঃ

| | | |
|---|---|---|
| ১. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর। | আহবায়ক |
| ২ | জনাব মোঃ দেলোয়ার হোসেন মোল্লা প্রশাসনিক কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর। | সদস্য |
| ৩. | জনাব মোঃ মহসিন মোল্লা, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, রাজৈর, মাদারীপুর। | সদস্য-সচিব |

<u>বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়ঃ</u>

১। সকল সরকারী/বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় কর্মসূচীর সাথে সঙ্গতি রেখে দিবসটি উদ্‌যাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সকল শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণকে অনুরোধ করা হয়।

২। স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬ তম শাহাদত বার্ষিকীতে স্বাস্থ্য বিধি মেনে, মাস্ক ব্যবহার করে, ও সামাজিক দূরত্ব বজায় রেখে জাতীয় শোক দিবস, ২০২১ পালনের নিমিত্ত রাজৈর উপজেলায় গৃহীত কর্মসূচী পালনের ক্ষেত্রে সার্বিক আইন শৃংখলা পরিস্থিতি নিয়ন্ত্রনে রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অফিসার-ইনচার্জ,রাজৈর থানাকে অনুরোধ করা হলো ।

৩। জাতীয় শোক দিবসের বিভিন্ন অনুষ্ঠানে সার্বক্ষনিক বিদ্যুৎ সরবরাহের জন্য ডিজিএম পল্লী বিদ্যুৎ সমিতি, টেকেরহাট, রাজৈর, মাদারীপুরকে অনুরোধ করা হলো।

৪। মেয়র, রাজৈর পৌরসভা,সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ স্ব-স্ব ইউনিয়নের শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় পতাকা অর্ধ নমিত রাখাসহ প্রজেক্টরের মাধ্যমে জাতীয় শোক দিবসের ব্যাপক প্রচার করার জন্য অনুরোধ করা হলো।

৫। সরকারী কর্মসূচীর সাথে সঙ্গতি রেখে নিজস্ব কর্মসূচী গ্রহনের জন্য উপজেলার সকল সাংস্কৃতিক সংগঠন, সমিতি, ক্লাব এর প্রধানগণকে অনুরোধ করা হলো।

৬। উপজেলা পরিষদ চত্ত্বর পরিস্কার পরিছন্ন রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য মেয়র, রাজৈর পৌরসভাকে অনুরোধ করা হলো।

৭। জাতীয় শোক দিবসের অনুষ্ঠানসমূহে সকল সরকারি কর্মকর্তা ও কর্মচারীসহ সংশ্লিষ্ট সকলকে আবশ্যিকভাবে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

৮। মাদ্রাসার শিক্ষার্থীদের দ্বারা দোয়া ,হামদ,নাতসহ এতিমখানাসমূহে কোরআন তেলাওয়াত, প্রতিযোগিতা ও মাহফিলের আয়োজন করার জন্য স্ব-স্ব প্রতিষ্ঠানকে অনুরোধ করা হলো।

চলমান পাতা-৩-

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-

(মোঃ আনিসুজ্জামান)
উপজেলা নির্বাহী অফিসার
রাজৈর, মাদারীপুর।
ফোন নম্বর-০৬৬২৩-৫৬১০১
Email-unorajoir@mopa.gov.bd

স্মারক নং০৫.৪১.৫৪৮০.০০০.০৮.০১১.২০২১-৪৪৪ তারিখ ঃ ১১-০৮-২০২১ খ্রিঃ

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে)ঃ
০১। কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
০২। জেলা প্রশাসক, মাদারীপুর।
০৩। চেয়ারম্যান ,উপজেলা পরিষদ, রাজৈর, মাদারীপুর।
০৪। ভাইস-চেয়ারম্যান/ মহিলা ভাইস-চেয়ারম্যান, রাজৈর, মাদারীপুর।
০৫। মেয়র, রাজৈর পৌরসভা, রাজৈর, মাদারীপুর।
০৬। সহকারী কমিশনার (ভূমি) রাজৈর, মাদারীপুর।
০৭। অফিসার-ইনচার্জ, রাজৈর থানা,মাদারীপুর।
০৮। উপজেলা ........................................................কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
০৯। অধ্যক্ষ...............................................................কলেজ/মাদ্রাসা, রাজৈর, মাদারীপুর।
১০। প্রধান শিক্ষক/সুপার.......................................................................।
১১। চেয়ারম্যান,......................................ইউনিয়ন পরিষদ (সকল) রাজৈর,মাদারীপুর।
১২। জনাব............................................................ রাজৈর,মাদারীপুর।

১১/০৮/২০২১

উপজেলা নির্বাহী অফিসার
রাজৈর, মাদারীপুর।